# গোপালগঞ্জ পৌরসভা কার্যালয়
## গোপালগঞ্জ।
*www.gopalganjpourashava.org*

নম্বর- গোঃপৌঃ/সা-৪১(৩)/২০২৪-২০২৫/ তারিখ :

## ‘‘ইজারা বিজ্ঞপ্তি’’

এতদ্বারা গোপালগঞ্জ পৌরসভাধীন নিম্নবর্ণিত হাটবাজার/বাসটার্মিনাল/টয়লেট/গো-হাট/প্রানী জবেহ ফি/খোয়াড় বাংলা ১৪৩২ সনের জন্য ইজারা প্রদানের নিমিত্তে প্রকৃত ব্যবসায়ী, আগ্রহী ব্যক্তি, হাট বাজার ইজারা গ্রহনকারীদের নিকট হতে নির্ধারিত শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

**দরপত্র সিডিউল প্রাপ্তির স্থান**

ক) গোপালগঞ্জ পৌরসভা কার্যালয়, গোপালগঞ্জ
খ) জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ
গ) উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর এর কার্যালয়, গোপালগঞ্জ
ঘ) সহকারী কমিশনার (ভূমি), গোপালগঞ্জ
ঙ) অফিসার ইনচার্জ, সদর থানা, গোপালগঞ্জ
চ) ম্যানেজার, সোনালী ব্যাংক (প্রধান শাখা), গোপালগঞ্জ

**দরপত্র সিডিউল দাখিলের স্থান**

ক) গোপালগঞ্জ পৌরসভা কার্যালয়, গোপালগঞ্জ
খ) জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ
গ) উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর এর কার্যালয়, গোপালগঞ্জ
ঘ) সহকারী কমিশনার (ভূমি), গোপালগঞ্জ
ঙ) পুলিশ সুপারের কার্যালয়, গোপালগঞ্জ

| ক্রমিক | হাটবাজার/বাসটার্মিনাল/টয়লেট/গো-হাট/প্রানী জবেহ ফি/খোয়াড় এর নাম | বাংলা ১৪৩২ সনের জন্য সরকারি ইজারা মূল্য | সিডিউলের মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | গোপালগঞ্জ হাট-বাজার | ২,৫২,০৭,৬৩৬/- | ৫১,২০০/- | |
| ২। | গোপালগঞ্জ গো-হাটা (কোরবানীর হাট ব্যতীত) | ১৯,১৬৮/- | ৫০০/- | |
| ৩। | গোপালগঞ্জ আন্তঃজেলা বাসটার্মিনাল/ট্রাক টার্মিনাল | ৫১,৭৫,৬৯০/- | ১১,০০০/- | |
| ৪। | গোপালগঞ্জ পাঁচুড়িয়া মধুমতি সুপার মার্কেট সংলগ্ন কাঁচাবাজার | ৩,২২,৫৩৫/- | ১,৫০০/- | |
| ৫। | গোপালগঞ্জ রিক্সা/ভ্যান হাট | ৩,৫৮,৪৯২/- | ১,৫০০/- | |
| ৬। | প্রানী জবেহ ফি | ৪,২৭,৩৫৭/- | ১,৬০০/- | |
| ৭। | বাজারের মধ্যের টয়লেট | ৩০,৭৪০/- | ৫০০/- | |
| ৮। | হাসপাতালের সামনের টয়লেট | ১২,৭২০/- | ৫০০/- | |
| ৯। | বাজার ব্রিজ সংলগ্ন পশ্চিম পার্শ্বের টয়লেট | ৫১,০৫৮/- | ৫০০/- | |
| ১০। | শেখ কামাল স্টেডিয়াম সংলগ্ন পূর্ব পার্শ্বের টয়লেট | ৩৪,৯৮০/- | ৫০০/- | |
| ১১। | খোয়াড় | ১,৬৪৩/- | ৫০০/- | |

নিম্নরূপ ভাবে দরপত্র বিক্রয়, দাখিল ও খোলার সময় ধার্য্য করা হলো ঃ

| দরপত্র আহবানের পর্যায় | দরপত্র ফরম বিক্রির শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম পর্যায়ে | ১৯/২/২০২৫, অফিস চলাকালীন সময় | ২০/২/২০২৫, বেলা ১.০০ মিঃ | ২০/০২/২০২৫, বেলা ৩.০০মিঃ | |
| ২য় পর্যায়ে | ০৫/০৩/২০২৫, অফিস চলাকালীন সময় | ০৬/০৩/২০২৫, বেলা ১.০০ মিঃ | ০৬/০৩/২০২৫, বেলা ৩.০০ মিঃ | ১ম পর্যায়ে ইজারাকৃত ক্ষেত্রে প্রযোজ্য নয় |
| ৩য় পর্যায়ে | ১৯/০৩/২০২৫, অফিস চলাকালীন সময় | ২০/০৩/২০২৫, বেলা ১.০০ মিঃ | ২০/০৩/২০২৫, বেলা ৩.০০ মিঃ | ১ম-২য় পর্যায়ে ইজারাকৃত ক্ষেত্রে প্রযোজ্য নয় |
| ৪র্থ পর্যায়ে | ২৫/০৩/২০২৫, অফিস চলাকালীন সময় | ২৭/০৩/২০২৫, বেলা ১.০০ মিঃ | ২৭/০৩/২০২৫, বেলা ৩.০০ মিঃ | ১ম-৩য় পর্যায়ে ইজারাকৃত ক্ষেত্রে প্রযোজ্য নয় |
| ৫ম পর্যায়ে | ০৬/০৪/২০২৫, অফিস চলাকালীন সময় | ০৭/০৪/২০২৫, বেলা ১.০০ মিঃ | ০৭/০৪/২০২৫, বেলা ৩.০০ মিঃ | ১ম-৪র্থ পর্যায়ে ইজারাকৃত ক্ষেত্রে প্রযোজ্য নয় |

## শর্তাবলী

| | |
|---|---|
| ১. | বাংলা ১৪৩২ সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাটবাজার/বাসটার্মিনাল/টয়লেট/গো-হাট/প্রানী জবেহ ফি/খোয়াড় ইজারা দেওয়া হইবে । |

চলমান পাতা-০২

| | |
|---|---|
| ২. | দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে ***প্রশাসক, গোপালগঞ্জ পৌরসভা*** এর অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে **২৫%** অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকি ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারাগ্রহীতা নিয়মিত হাটবাজার/বাসটার্মিনাল/টয়লেট/গো-হাট/প্রানী জবেহ ফি/খোয়াড় নিজ খরচে পরিস্কার না করিলে বা অন্য কোন ক্ষতিসাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হইবে। |
| ৩. | যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে অন্যথায় হাটবাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে। |
| ৪. | প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের মূল্যের কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে। |
| ৫. | এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র সডিউল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। |
| ৬. | **খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে। দরপত্রের সাথে দরপত্রদাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।** |
| ৭. | সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। হাটবাজার/বাসটার্মিনাল/টয়লেট/গো-হাট/প্রানী জবেহ ফি/খোয়াড় ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করিবেন। |
| ৮. | প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে। |
| ৯. | ইজারারদার কোনক্রমেই হাটবাজার/বাসটার্মিনাল/টয়লেট/গো-হাট/প্রানী জবেহ ফি/খোয়াড় অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহা হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে। |
| ১০. | ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে। |
| ১১. | দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। |
| ১২. | ইজারাদার নিজ খরচে হাটবাজার/বাসটার্মিনাল/টয়লেট/গো-হাট/প্রানী জবেহ ফি/খোয়াড় পরিস্কার-পরিচ্ছন্ন রাখিবেন। |
| ১৩. | ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষন করিবেন। |
| ১৪. | কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না। |
| ১৫. | নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাটবাজার/বাসটার্মিনাল/টয়লেট/গো-হাট/প্রানী জবেহ ফি/খোয়াড় ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয় গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে। |
| ১৬. | হাটবাজার/বাসটার্মিনাল/টয়লেট/গো-হাট/প্রানী জবেহ ফি/খোয়াড় ইজারার টাকা ''সরকারী দাবী আদায়'' আইন অনুযায়ী প্রয়োজনে নিয়মিত মামলার মাধ্যমে আদায় করা যাইবে। |
| ১৭. | হাটবাজার/বাসটার্মিনাল/টয়লেট/গো-হাট/প্রানী জবেহ ফি/খোয়াড় উন্নয়নের স্বার্থে যদি বাজার স্থানান্তর করা হয়, সেক্ষেত্রে ইজারাদার কোন ক্ষতিপূরন দাবি করতে পারবে না। |
| ১৮. | শুধুমাত্র গোপালগঞ্জ হাট বাজরের ক্ষেত্রে গোপালগঞ্জ বঙ্গবন্ধু সড়ক, শেখ সেলিম সড়ক, কলেজ রোড, লঞ্চঘাট হতে কালিবাড়ি এবং দত্তের দোকান হতে কোর্ট মসজিদ হয়ে চৌরঙ্গীর মোড় বাটার দোকান পর্যন্ত এলাকায় কোন ফুটপাত বসানো যাবে না এবং কোন প্রকার টোল আদায় করা যাবে না। |
| ১৯. | চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘণ করা হইলে ইজারা বাতিল করা হইবে। |
| ২০. | কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। |

০৩/০২/২০২৫

বিশ্বজিত কুমার পাল
প্রশাসক
গোপালগঞ্জ পৌরসভা

চলমান পাতা-০৩

নম্বর- গো:পৌ:/সা-৪১(৩)/২০২৪-২০২৫/ ২২৬৬/৫৫( ) তারিখ : ৩/২/২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, নগর ভবন, ফিনিক্স রোড, ঢাকা-১০০০।
২। বিভাগীয় কমিশনার, ঢাকা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা।
৪। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
৫। পুলিশ সুপার, গোপালগঞ্জ।
৬। উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ।
৭। সিভিল সার্জন, গোপালগঞ্জ।

০৩/০২/২০২৫
প্রশাসক
গোপালগঞ্জ পৌরসভা

নম্বর- গো:পৌ:/সা-৪১(৩)/২০২৪-২০২৫/ ২২৬৬/৫৫( ) তারিখ: ৩/২/২০২৫

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্যঃ

৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গোপালগঞ্জ।
৯। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), গোপালগঞ্জ।
১০-১৪। নির্বাহী প্রকৌশলী, গনপূর্ত বিভাগ/সড়ক ও জনপথ/এলজিইডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/পানি উন্নয়ন বোর্ড, গোপালগঞ্জ।
১৫-১৯। উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর/টুংগীপাড়া/কাশিয়ানী/কোটালীপাড়া/মুকসুদপুর, গোপালগঞ্জ।
২০। সহকারী কমিশনার (ভূমি), গোপালগঞ্জ সদর। (ইজারার সিডিউল বিক্রয় এবং দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো)
২১। জেলা তথ্য অফিসার, গোপালগঞ্জ। (অবগতি ও বহুল প্রচারের জন্য)
২২। অফিসার ইনচার্জ, গোপালগঞ্জ সদর থানা, গোপালগঞ্জ।(দরপত্র সিডিউল বিক্রয় এবং দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো)
২৩। ম্যানেজার, সোনালী ব্যাংক (প্রধান শাখা), গোপালগঞ্জ।(দরপত্র সিডিউল বিক্রয় এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো)
২৪-৩১। ............................................ সদস্য, প্রশাসকের কর্ম সম্পাদন কমিটি, গোপালগঞ্জ পৌরসভা।
৩২। পৌর নির্বাহী কর্মকর্তা, গোপালগঞ্জ পৌরসভা।
৩৩। নির্বাহী প্রকৌশলী, গোপালগঞ্জ পৌরসভা
৩৪। উপজেলা প্রকৌশলী, গোপালগঞ্জ সদর।
৩৫। সাব রেজিস্ট্রার, গোপালগঞ্জ।
৩৬। পোষ্ট মাস্টার, প্রধান ডাকঘর, গোপালগঞ্জ।
৩৭। হিসাব রক্ষক, গোপালগঞ্জ পৌরসভা।
৩৮। সভাপতি/সম্পাদক, জেলা বাস মালিক সমিতি, গোপালগঞ্জ।
৩৯। সভাপতি/সম্পাদক, বড় বাজার ব্যবসায়ী সমিতি, গোপালগঞ্জ।
৪০। কোষাধ্যক্ষ, গোপালগঞ্জ পৌরসভা।
৪১। শাহ মোঃ রওশন হাবীব, হিসাব সহকারী, গোপালগঞ্জ পৌরসভা। (তাকে গোপালগঞ্জ পৌরসভার ওয়েব সাইট এবং সিপিটিইউ'র ওয়েব সাইটে প্রকাশ করার জন্য বলা হলো)।
৪২। নিম্নমান সহকারী, গোপালগঞ্জ পৌরসভা। তাকে নির্ধারিত মূল্যে সিডিউল বিক্রয় করার জন্য বলা হলো।
৪৩। সম্পাদক, দৈনিক বাংলাদেশ সমাচার, মতিঝিল বা/এ, ঢাকা।
তাকে উপরোক্ত বিজ্ঞপ্তি খানা তার পত্রিকার ভিতরের পাতায় (৬ ইঞ্চি প্রস্থ ১০ ইঞ্চি দৈর্ঘ্য) আগামী ০৬/০২/২০২৫ তারিখের মধ্যে একদিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
৪৪। সম্পাদক, দৈনিক বর্তমান, গোপালগঞ্জ। তাকে উপরোক্ত বিজ্ঞপ্তি খানা তার পত্রিকার ভিতরের পাতায়(৮ ইঞ্চি প্রস্থ ১২ ইঞ্চি দৈর্ঘ্য) আগামী ০৬/০২/২০২৫ তারিখের মধ্যে একদিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
৪৫। জোবায়ের আহমেদ মৃধা, অফিস সহায়ক, গোপালগঞ্জ পৌরসভা।
৪৬। নোটিশ বোর্ড, গোপালগঞ্জ পৌরসভা। তাকে ২(দুই) দিন মাইকে বহুল প্রচারের জন্য বলা হলো।
৪৭- ৫৫। জনাব.............................................................................

ইজারাদার, গোপালগঞ্জ পৌরসভা।

০৩/০২/২০২৫
প্রশাসক
গোপালগঞ্জ পৌরসভা